

3 (Sem-6/CBCS) BEN RG 1

2 0 2 3

BENGALI

(Regular Generic)

Paper : BEN-RG-6016

(পূর্বোত্তরের বাংলা সাহিত্য)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $১ \times ১০ = ১০$

- (ক) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে পঞ্চজের পিতার নাম
কী ছিল ?
- (খ) সুখরঞ্জন যে প্রতিষ্ঠানটি নির্মাণ করেছিলেন তার
নাম কী ?
- (গ) সুখরঞ্জনের পৈতৃক সূত্রে প্রাপ্ত গ্রন্থটির নাম লেখো ।
- (ঘ) দিগম্বর মিত্রের বোনের নাম কী ?
- (ঙ) 'মালিনীর উপাখ্যান' উপন্যাসে নলিনী মালিনীর
কে ছিল ?

- (চ) মালিনীর পিতা মালিনীকে তার সম্পত্তির কতটা অংশ দান করেছিলেন ?
- (ছ) দিগম্বর মিত্র কার অর্থদ্বারা বাণিজ্য শুরু করেছিলেন ?
- (জ) ধীরঠাকুরকে তার স্ত্রী দ্বীপবাসিনী যে চিঠি দিয়েছিল সেখানে উল্লিখিত তারিখ কী ছিল ?
- (ঝ) 'নং-খেলেন' গল্পে বাজুবনের উপাধি কী ছিল ?
- (ঞ) 'ভগীরথের তালা' গল্পের কাহিনি কোন্ শহরের প্রেক্ষাপটে রচিত ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 5 = 10$

- (ক) "কাকাবাবুর ঠিকানাটা আছে না আপনার কাছে?" এখানে বস্তু কে? কাকাবাবু বলতে তিনি কাকে বুঝিয়েছেন ?
- (খ) দিগম্বর মিত্র ও মালিনীর ক'টি পুত্র ও ক'টি কন্যা ছিল ?
- (গ) মালিনী রচিত মদিরার নিন্দাসূচক পদ্যটির প্রথম দুটি ছত্র লেখো।
- (ঘ) 'অশ্রুন্দী' গল্পে চরটিতে কতজন লোক বসবাস করত ? চরের প্রধান কে ছিল ?
- (ঙ) 'কাক' গল্পে ধীরঠাকুরের সংগ্রহে থাকা গ্রন্থ দুটির নাম লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 5 = 20$

- (ক) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকের গুরিয়েন্টাল গ্যাস এজেন্সির মালিক প্রফেসর হ্যারিংটন সম্পর্কে যা জান লেখো।
- (খ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকের শেফালি চরিত্রের বিশেষত্ব তুলে ধরো।
- (গ) রামকুমার নন্দী মজুমদারের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) মালিনীর বিবাহ-পূর্ব কালের আচরণের বর্ণনা দাও।
- (ঙ) 'কাক' গল্পে দ্বীপবাসিনী ধনিয়ারামকে যে পত্র দিয়েছিল তার বিষয়বস্তু লেখো।
- (চ) 'অশ্রুন্দী' গল্পের বিশ্বনাথ চরিত্রের পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 5 = 20$

- (ক) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে পঞ্চজ তার নিরুদ্দিষ্ট পিতাকে খুঁজতে এসে যে অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিল তা নিজের ভাষায় বর্ণনা করো।
- (খ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে সুখরঞ্জন ও পূর্ণেশ্বর বন্ধুত্বের স্বরূপ স্পষ্ট করো।
- (গ) 'মালিনীর উপাখ্যান' উপন্যাসে মালিনীর জীবনে দিগম্বর মিত্রের অবদান সম্পর্কে লেখো।

(4)

- (ঘ) 'মালিনীর উপাখ্যান' উপন্যাসে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও।
- (ঙ) 'কাক' গল্পের ধীরঠাকুর চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।
- (চ) 'অশ্রুন্দী' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ছ) 'ভগীরথের তালা' গল্পের মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।
- (জ) 'মালিনীর উপাখ্যান' উপন্যাসে বর্ণিত মালিনীর সাহিত্য-প্রতিভার পরিচয় দাও।
